

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৮৪০
আগরতলা, ২১ জুলাই, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“দক্ষিণ জেলা হাসপাতাল হার্ট পরীক্ষায় টিউশনি রুটিন সপ্তাহে চারদিন বন্ধ ইসিজি” এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ১২ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, দক্ষিণ জেলা হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে বর্তমানে শান্তিরবাজারস্থিত দক্ষিণ জেলা হাসপাতালে সর্বক্ষণের জন্য কোনও ইসিজি টেকনিশিয়ান না থাকলেও বিলোনিয়া মহকুমা হাসপাতাল থেকে ডেপুটেশনে আসা একজন ইসিজি টেকনিশিয়ানের মাধ্যমে নিয়মিতভাবে সপ্তাহে তিন দিন — সোমবার, বুধবার এবং শুক্রবার এই হাসপাতালে ইসিজি পরিষেবা প্রদান করা হচ্ছে।
